# শরৎ

## কবিঃ রবীন্দ্রনাথ ঠাকুর

## প্রকৃতিঃ বর্ণনামূলক[ঋতু-বিষয়ক]

## সারমর্ম

বাংলার ঋতুচক্রের তৃতীয় ঋতু শরৎ ভাদ্র-আশ্বিন মাস নিয়ে হয়। শরৎ কবিতাটিতে শরৎঋতুর সুন্দর প্রাকৃতিক পরিবেশের উল্লেখ পাওয়া যায়। শরৎ যে শীতের আগমন বার্তা ঘোষনা করে কবিতাটি পড়ে সেটিও বোঝা যায়।

**নির্দেশাবলি:-পদ্যটা ভালো করে পড়ো ও যতি চিহ্ন মেনে মুখস্থ করো।**

এককথায় /পূর্ণবাক্যে উত্তর দাও:-

১. হিমের পরশ লাগে কোন ঋতুতে? (নিজে লেখো)

২. শরৎকালে শিশিরের রেখা কখন, কোথায় দেখতে পাওয়া যায়? (নিজে লেখো)

৩. কোন ঋতুতে গাছের পাতা খসে যায়?

উঃ- শীতঋতুতে।

৪. কার বুক দুরু দুরু করে? (নিজে লেখো)

৫. আমলকি বন কোন খবর পেয়ে কাঁপছে?

উঃ- আমলকি বন শরৎকালে বুঝতে পেরেছে যে, কিছুকাল পরেই আসতে চলেছে শীত ঋতু,আর তখন তার সব পাতা ঝরে যাবে,সে হতশ্রী হয়ে পড়বে।এই শরৎঋতু থেকেই অল্প অল্প করে পাতা ঝরা শুরু হয়ে যায়,তাই শীত আসার খবর পেয়েই আমলকি বন কাঁপছে।

৬. শরৎকালে ফোঁটা কয়েকটি ফুলের নাম লেখো পদ্য অবলম্বন করে। (নিজে লেখো)

৭. কুঁড়ি ভরে এল কোন ফুলে?

৮. শরৎকালে মৌমাছিরা মালতীলতা ফুলে কী খোঁজ করে?

উঃ- শরৎকালে মৌমাছিরা মালতীলতা ফুলে মধুর খোঁজ করে।

৯. পদ্যে উল্লেখ নেই এমন দুটি ফুলের নাম লেখো যেগুলি শরৎকালে ফোটে।

উঃ- পদ্ম, কাশ।

১০. শরৎঋতু বললে কোন উৎসবের কথা মনে হয়?

উঃ- দুর্গোৎসব।

ভিন্নার্থে বাক্যগঠন করোঃ- মেলা, পাতা।

মেলা - ক] মেলা (অনেক) - (বাক্যগঠন নিজে করো)

খ] মেলা (মিলন ক্ষেত্র)- (বাক্যগঠন নিজে করো)

পাতা- ক] পাতা- (গাছের অংশ)- (বাক্য গঠন নিজে করো)

খ] পাতা- (খাতার পৃষ্ঠা)- (বাক্যগঠন নিজে করো)

****বই থেকে শব্দার্থ ও বিপরীত শব্দ পড়বে।**

**** বাক্য রচনা [নমুনা]**

আমলকি- শীতকালে কাঁচা <u>আমলকি</u> খাওয়া স্বাস্থ্যের পক্ষে ভালো।

নমুনা অনুযায়ী একটি করে বাক্য রচনা করো।

পরশ, শিশির, খবর, মৌমাছি।

** শূন্যস্থান পূরণ করো।

ক] শিউলির ___ কুঁড়ি ___ এল

___ ফুটিল মেলা।

খ] ___ খবর ___ খসানোর

সময়_____ শুরু।

*** ব্যাকরণ বই থেকে এককথায় প্রকাশ পড়বে। পৃষ্ঠাঃ ৬৬ [চিরস্মরণীয় থেকে অগ্রজ পর্যন্ত]।

*** প্রতিশব্দ পড়বে। পৃষ্ঠাঃ ৫৫ [মানবদেহে অঙ্গপ্রত্যঙ্গ প্রথম তিনটি করে প্রতিশব্দ মুখস্থ করবে]।

-X-